

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০।

ডিএফআইএম সার্কুলার নং-০৯

তারিখঃ

২০ অক্টোবর, ২০১৫
০৫ কার্তিক, ১৪২২

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

Liquidity Profile এবং Statement of Affairs সংক্রান্ত বিবরণী দাখিল প্রসঙ্গে

আর্থিক প্রতিষ্ঠানসমূহের তারল্য পরিস্থিতি নিরূপণ এবং নিয়মিত মনিটরিং এর বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত ১৪ জুলাই, ২০০৫ তারিখের Managing Core Risks in Financial Institutions: Asset Liability Management শীর্ষক গাইডলাইনস্-এ বিস্তারিত দিক নির্দেশনার পাশাপাশি Net Funding Requirement নিরূপণ এবং তদনুসারে গৃহীতব্য যথাযথ ব্যবস্থা সম্পর্কেও নির্দেশনা প্রদান করা হয়েছে। এরই ধারাবাহিকতায় নিম্নোক্ত পদ্ধতিতে Liquidity Profile এবং Statement of Affairs সংক্রান্ত বিবরণী দাখিলের নির্দেশ প্রদান করা হলো :

Liquidity Profile সংক্রান্ত বিবরণী :

- ১। প্রতিমাসের শেষ কার্যদিবসের স্থিতির ভিত্তিতে প্রস্তুতকৃত ভবিষ্যতমুখী (Projected) Liquidity Profile বিবরণী পরবর্তী মাসের ০৭(সাত) কর্মদিবসের মধ্যে অত্র বিভাগে দাখিল করতে হবে। বিবরণী দাখিলের ক্ষেত্রে অনুসৃত প্রক্রিয়া নিম্নরূপ হবে :
 - ক) মূলতঃ দায় ও সম্পদের মেয়াদপূর্তির পার্থক্যের পর্যালোচনা (Aging Gap Analysis) বিবেচনায় এ বিবরণীর ভবিষ্যতমুখী প্রবাহ কলামে (Projected Figure) দায় ও সম্পদ এর দফাসমূহের প্রবাহ নেটিং না করে নগদ প্রবাহের প্রত্যাশিত সময়কাল অনুসারে যথাযথ মেয়াদ ঘরে (Time Bucket) Outflows অংশে শুধুমাত্র বহিঃপ্রবাহ এবং Inflows অংশে শুধুমাত্র আন্তঃপ্রবাহ রিপোর্ট করতে হবে;
 - খ) বিবরণীতে অফ-ব্যালেন্স শীট এর দফা অন্তর্ভুক্তির ক্ষেত্রে সম্ভাব্য দায় ও সম্পদ যথাযথ মেয়াদ ঘরে (Time Bucket) রিপোর্ট করতে হবে;
 - গ) বিবরণীর প্রকৃত প্রবাহ কলামে (Actual Figure) দফাসমূহের প্রবাহ নেটিং না করে Outflows অংশে শুধুমাত্র বহিঃপ্রবাহ এবং Inflows অংশে শুধুমাত্র আন্তঃপ্রবাহ রিপোর্ট করতে হবে।
- ২। নভেম্বর/২০১৫ হতে (অক্টোবর/২০১৫ মাসের বিবরণী) তারল্য প্রবাহ সংক্রান্ত বিবরণীটি বাংলাদেশ ব্যাংকের ওয়েব পোর্টালের মাধ্যমে দাখিল করতে হবে। এ লক্ষ্যে-

- ক) অনুমোদিত User ID এর মাধ্যমে Log in করে বাংলাদেশ ব্যাংকের ওয়েব-সাইট এর সংশ্লিষ্ট লিংক (<http://ereturns.bb.org.bd/edwportal>) থেকে সংশ্লিষ্ট টেমপ্লেট T_PS_M_LIQDTY_FI (User Manual-সহ) ও রেফারেন্স ফাইল ডাউনলোড করে নিতে হবে। টেমপ্লেটটি পূরণ করার সময় বাংলাদেশ ব্যাংকের ওয়েব পোর্টালে দাখিলকৃত অন্যান্য বিবরণীর মতো টেমপ্লেট ও রেফারেন্স ফাইল একই ফোল্ডারে রাখতে হবে এবং ডাটা ইনপুট দেয়ার শুরুতে সিকিউরিটি অপশন থেকে Macro ও Link অপশন দুটি সক্রিয় (Enable) করে নিতে হবে;
- খ) টেমপ্লেটে প্রদত্ত টাকার অংক পূর্ণ টাকায় দিতে হবে; হাজার, লক্ষ বা কোটিতে দিলে গ্রহণযোগ্য হবে না;
- গ) টেমপ্লেটটি পূরণপূর্বক Save করতঃ ‘Convert to CSV’ বাটনে ক্লিক করলে একটি CSV ফাইল তৈরী হবে। উক্ত CSV ফাইলটি বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট ওয়েব পোর্টালে আপলোড করতে হবে;
- ঘ) অক্টোবর/২০১৫, নভেম্বর/২০১৫ ও ডিসেম্বর/২০১৫ মাসের বিবরণী ওয়েব পোর্টালে দাখিলের পাশাপাশি পূরণকৃত টেমপ্লেট এর একটি প্রিন্টেড কপি (হার্ড কপি) ফরওয়ার্ডিংসহ অত্র বিভাগে পাঠাতে হবে। পরবর্তীতে আর কোন হার্ডকপি প্রেরণ করতে হবে না;
- ঙ) ওয়েব পোর্টালের দাখিলকৃত তথ্যের প্রামাণিকরণ নিশ্চিত করার জন্য বাংলাদেশ ব্যাংকের ওয়েব পোর্টালে আপলোড করার পূর্বে টেমপ্লেটে বর্ণিত বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক বা তার মনোনীত/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদন গ্রহণপূর্বক আপলোড করতে হবে;
- চ) নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট টেমপ্লেটটি যথাযথভাবে পূরণ করে বাংলাদেশ ব্যাংকের ওয়েব পোর্টালে আপলোড না করা হলে ডিএফআইএম সার্কুলার নং-০৫/২০১২ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

Statement of Affairs সংক্রান্ত বিবরণী :

Statement of Affairs বিবরণীর সফটকপি ই-মেইল এর মাধ্যমে (gm.dfim@bb.org.bd) এবং হার্ড কপি প্রয়োজনীয় ফরওয়ার্ডিংসহ ত্রৈমাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট ত্রৈমাসিক অন্তে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে অত্র বিভাগে দাখিল করতে হবে।

Managing Core Risks in Financial Institutions: Asset Liability Management শীর্ষক গাইডলাইনস্-এর এতদসংক্রান্ত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এতদ্বারা ডিএফআইএম সার্কুলার নং-০৬, তারিখ ২৬ জুলাই ২০১১, সার্কুলার লেটার নং- ১৬, তারিখ ২৪ অক্টোবর ২০১১ এবং সার্কুলার লেটার নং- ২১, তারিখ ২০ ডিসেম্বর ২০১১ রহিত করা হলো।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এই সার্কুলার জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ শাহ আলম)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১৭৮